

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা

নং-৪৫.১৬৫.০৩২.১২.০০.০০৪.২০১৫-১৫৯

তারিখ: ২১-০৬-২০১৮ খ্রি:

বিষয়: হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) ওপি'র ২০১৭-২০১৮ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর আওতায় ৩৫ (পঁয়ত্রিশ)টি যানবাহন ক্রয়ে প্রশাসনিক অনুমোদন প্রদান সংক্রান্ত

সূত্র: (১) স্মারক নং-স্বা:অধি:/হ:সা:ম্যা:/যানবাহন ক্রয়/২০১৭-১৮/১৮৮, তাং-১০-০৬-২০১৮ খ্রি:


(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০৪.০১৪.২৭১১.১৫৬.২০১৮-৪৫৫, তাং-১৯-০৬-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট (এইচএসএম) এর প্রস্তাব এবং অর্থ বিভাগের সম্মতির পরিপ্রেক্ষিতে উক্ত ওপি'র ২০১৭-২০১৮ অর্থ বছরে আরপিএ (জিওবি) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর আওতায় ৩৫টি যানবাহন ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগের যানবাহন ক্রয়ের দর সংক্রান্ত ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪(অংশ-১)-৫২০, তারিখ: ১৩-১১-২০১৭ খ্রি: নং স্মারক অনুসারে (প্রতিটি এ্যাম্বুলেন্স ৪২.০০ লক্ষ টাকা-রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ, প্রতিটি পিকআপ-ডাবল কেবিন ৫০.০০ লক্ষ টাকা- রেজিস্ট্রেশন ফি এবং ট্যাক্স ও ভ্যাটসহ, প্রতিটি মাইক্রোবাস ৪২.৯০ লক্ষ টাকা-রেজিস্ট্রেশন ফি, ট্যাক্স ও ভ্যাট এবং সিএনজি কনভারশন ফিসহ এবং প্রতিটি মোটর সাইকেল ১.৮০ লক্ষ টাকা) ক্রয়ে নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) যানবাহন ক্রয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণসহ সকল আর্থিক বিধিবিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অর্থ বিভাগের নির্ধারিত দরের মধ্যে যানবাহন ক্রয় করতে হবে, অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না;
- (গ) যানবাহন ক্রয়ের পর অর্থ বিভাগকে অবহিত করতে হবে;
- (ঘ) বরাদ্দকৃত বাজেটের মধ্যে গাড়ী ক্রয় করতে হবে;
- (ঙ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (চ) অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা/সমর্পণ করতে হবে; এবং
- (ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৮ জানুয়ারী ২০০৬ তারিখের সম(পরি)-স্থায়ী কমিটি/৪৪/২০০৫(অংশ-১)-৭২১ নং স্মারক অনুযায়ী প্রকল্প সমাপ্তির পর যানবাহন সরকারি পরিবহন পুঁজে জমাকরণ অথবা প্রয়োজনে টিওএন্ডইভুক্তকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০২৬.০১.০১.০০২.২০১৬-১৬০

তারিখ: ২১-০৬-২০১৮ খ্রি:


বিষয়: শিশু ও মাতৃস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন (কম্পোনেন্ট-২: দেশের ৮টি বিভাগীয় মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়াগনস্টিক ইমেজিং ব্যবস্থার আধুনিকীকরণ) শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থবছরে ১টি জীপ গাড়ি ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ সংক্রান্ত।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০৭ জুন, ২০১৮ খ্রি: তারিখের ০৭.১০৪.০১৪.২৭১১.১৬৬.২০১৮-৪২০ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের পরিপ্রেক্ষিতে শিশু ও মাতৃস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থার উন্নয়ন (কম্পোনেন্ট-২: দেশের ৮টি বিভাগীয় মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়াগনস্টিক ইমেজিং ব্যবস্থার আধুনিকীকরণ) শীর্ষক প্রকল্পের আওতায় ১টি জীপ গাড়ি ক্রয়ের প্রস্তাবে অর্থ বিভাগের সম্মতি গ্রহণের জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রেরিত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্রে বর্ণিত চাহিত তথ্যাদিসহ পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ১ (এক)

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক

শিশু ও মাতৃস্বাস্থ্য এবং স্বাস্থ্য ব্যবস্থার  
উন্নয়ন (কম্পোনেন্ট-২: দেশের ৮টি বিভাগীয়  
মেডিকেল কলেজ ও হাসপাতালের ডায়াগনস্টিক  
ইমেজিং ব্যবস্থার আধুনিকীকরণ) শীর্ষক প্রকল্প  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।  
২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ( মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

